*বাণিজ্য মেলায় মোড়ক উম্মোচন*

# শিক্ষার্থীদের জন্য ‘প্যাশন’ ল্যাপটপ আনলো ওয়ালটন

ইমদাদুল হক

মানব সমাজকে এক সমৃদ্ধ আধারে ধারণ করেছে প্রযুক্তি। দূরত্ব ও সময়কেই কেবল জয় করেনি; কমিয়েছে কাঁধের বোঝাও। ল্যাপটপের বদৌলতে কোলের ওপর চলে এসেছে সুবিস্তৃত পাঠশালা। তাই পিঠে স্কুল ব্যাগ নিয়ে ক্লাসে হাজির হওয়ার দিন যেমন গত হতে চলেছে, তেমনি এই ল্যাপটপেই পেশাজীবনের প্রস্তুতিও চলছে সঙ্গোপনে। কিন্তু দামের বিচারে এই সুযোগ থেকে বঞ্চিত হবার শঙ্কা কিন্তু রয়েই গেছে। ‘সময় এখন বাংলাদেশের’ স্লোগানে ডাকসাইটের সব প্রযুক্তি ব্রাণ্ডের ভিড়ে দেশপ্রেমের দায়বদ্ধতা থেকে ডিজিটাল বাংলাদেশ-এ ডিজিটাল বৈষম্য ঘুচতে প্রশংসনীয় উদ্যোগ নিয়েছে- ওয়ালটন। ১২ মাসের কিস্তিতে মাত্র ২২ হাজার ৯৯০ ও ২৩ হাজার ৯৯০ টাকায় আন্তর্জাতিক মানের দুইটি ভিন্ন মডেলের ল্যাপটপ অবমুক্ত করেছে সদ্য সমাপ্ত বাণিজ্য মেলায়। প্যাশন ও টেমারিন্ড মডেলের হাই-রেজ্যুলেশনের ১৪ ইঞ্চি পর্দার ল্যাপটপ দুটিতে ব্যবহার করা হয়েছে যুক্তরাষ্ট্রভিত্তিক বিশ্বের শীর্ষ আইসিটি ব্র্যান্ড ইনটেলের শক্তিশালী কোয়াড কোর প্রসেসর ও মাইক্রোসফটের জেনুইন উইন্ডোজ অপারেটিং সিস্টেমস। অর্থাৎ ল্যাপটপটি কেবল শিক্ষার্থীদের পিঠের বোঝাই কমায়নি। অভিভাবকতের খরচার বোঝাও কমিয়েছে।

শিক্ষার্থীদের জন্য অবমুক্ত করা ওয়ালটন স্টুডেন্ট ল্যাপটপটির জন্য প্রতিষ্ঠানটির সঙ্গে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বিজয় বাংলা কিবোর্ড প্রণেতা এবং ডিজিটাল শিক্ষা আন্দোলনের পুরোধা মোস্তফা জব্বার বলেন, ‘আমি ওয়ালটন কারখানা পরিদর্শনে গিয়ে দেখেছি তারা অসংখ্য উচ্চ প্রযুক্তি পণ্যের পাশাপাশি টেলিভিশনের মাদারবোর্ডও তৈরি করছে। অচিরেই কম্পিউটারের মাদারবোর্ডের মতো উচ্চ প্রযুক্তি পণ্য উৎপাদনে যাবে। ওয়ালটনের তৈরি মাদারবোর্ড দিয়ে তৈরি কম্পিউটার বা ল্যাপটপ বিশ্বের বিভিন্ন দেশে যাবে, এ কথা ভেবে আমি আনন্দিত ও গর্বিত।’ ওয়ালটন আগামী দিনে ডিজিটাল ডিভাইস জাতীয় সকল পণ্য দেশেই তৈরি করবে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

এ বিষয়ে ওয়ালটনের নির্বাহী পরিচালক এসএম জাহিদ হাসান বলেন, ল্যাপটপ এখন আর কোনো বিলাসী পণ্য নয়; বরং প্রযুক্তিভিত্তিক শিক্ষায় এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই বিষয়টি মাথায় রেখেই শিক্ষার্থীদের ব্যবহার উপযোগি সাশ্রয়ী মূল্যের ল্যাপটপ এনেছে ওয়ালটন। আশা করি, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ওয়ালটনের এই প্রয়াস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ওয়ালটনের এডিশনাল ডিরেক্টর ও ল্যাপটপ প্রজেক্টের ইনচার্জ মো. লিয়াকত আলী বলেন, নতুন মডেলের ল্যাপটপগুলো স্কুল-কলেজের শিক্ষার্থীদের ব্যবহার উপযোগী। এগুলোর মাধ্যমে শিক্ষার্থীরা অনায়াসেই প্রোগামিং, ওয়েব ডিজাইন, আউটসোর্সিং, বিভিন্ন এ্যাসাইনমেন্ট, প্রেজেন্টেশন এবং ডিজিটাল ই-বুকসহ অসংখ্য কাজ সম্পন্ন করতে পারবে।

তিনি আরো বলেন, শিক্ষার্থী ও অভিভাবকদের দীর্ঘদিনের চাহিদা ছিলড় বাজারে তাদের ক্রয়ক্ষমতার মধ্যে উচ্চমানের ল্যাপটপের। সাশ্রয়ী মূল্যে নতুন মডেলের দুটি ল্যাপটপ বাজারজাতকরনের মাধ্যমে তাদের দীর্ঘদিনের চাহিদা পূরন করছে ওয়ালটন।




প্রসঙ্গত, গত ১৯ জানুয়ারি ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় ওয়ালটন মেগা প্যাভিলিয়নে এই নতুন ল্যাপটপের মোড়ক উন্মোচন করা হয়। সেই সাথে নতুন বছর ও বাণিজ্য মেলা উপলক্ষ্যে দেশব্যাপী ক্রেতাদের ওয়ালটন ব্র্যান্ডের সকল মডেলের ল্যাপটপের সঙ্গে উপহারস্বরূপ দেয়া হয় একটি আকর্ষণীয় অ্যান্ড্রয়েড স্মার্ট ফোন ও ব্যাকপ্যাক অথবা সর্বোচ্চ ১০ শতাংশ পর্যন্ত নগদ মূল্য ছাড়। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেসের সভাপতি এবং বিজয় বাংলা ফন্টের উদ্ভাবক মোস্তফা জব্বার, ওয়ালটনের নির্বাহী পরিচালক এসএম জাহিদ হাসান (পলিসি, এইচআরএম এন্ড এডমিন), মো. হুমায়ুন কবীর (পিআর এন্ড মিডিয়া), এডিশনাল ডিরেক্টর মো. লিয়াকত আলী, মিডিয়া উপদেষ্টা এনায়েত ফেরদৌসসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা।

এদিকে মেলায় ওয়ালটন প্যাভিলিয়নে অবমুক্ত করা হলেও এখন দেশজুড়ে বিস্তৃত সকল ওয়ালটন প্লাজা ও ব্র্যান্ডেড আউলটলেটে পাওয়া যাচ্ছে নতুন এই দুটি ল্যাপটপ। যার দাম নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ২২৯৯০ টাকা ও ২৩৯৯০ টাকা।

জানাগেছে, যুক্তরাষ্ট্রভিত্তিক বিশ্বের শীর্ষ প্রতিষ্ঠান ইনটেল কর্পোরেশন, মাইক্রোসফট এবং বাংলাদেশের ওয়ালটন-এই তিন প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে দেশের বাজারে একে একে আসছে আন্তর্জাতিক মানসম্পন্ন ওয়ালটন ব্র্যান্ডের ল্যাপটপ। ওয়ালটন ল্যাপটপের প্যাশন ও টেমারিন্ড সিরিজে এবার যুক্ত হলো আরো একটি করে মডেল। উচ্চ ক্ষমতাসম্পন্ন ও মাল্টি টাস্কিং বৈশিষ্ট্যের নতুন এই ল্যাপটপ দেখতে স্লীম এবং গতিও অনেক বেশি। অন্যান্য ব্র্যান্ডের তুলনায় দামও ২০-৩০ শতাংশ সাশ্রয়ী। মাইক্রোসফটের জেনুইন অপারেটিং সিস্টেম উইন্ডোজ ও এ্যাপ্লিকেশন সফটওয়্যার থাকায় কোনো ধরনের এন্টিভাইরাস ছাড়াই ব্যবহার করা যায় ওয়ালটন ল্যাপটপ। অনুষ্ঠানে একই সঙ্গে ওয়ালটন ল্যাপটপের ওয়ারেন্টির সময় ১ বছর থেকে বাড়িয়ে ২ বছরে উন্নীত করার কথাও জানানো হয়। দেশব্যাপী ক্রেতারা সহজ শর্তে ১২ মাসের কিস্তিতে কিনতে পারবেন ওয়ালটন ল্যাপটপ। সকল শ্রেণীর শিক্ষার্থী ও অভিভাবকরা এখন প্যাসন সিরিজের নতুন মডেলের ল্যাপটপটি কিনতে পারবেন ২৩,৯৯০ টাকায়। এতে রয়েছে ৫০০জিবি হার্ডডিস্ক ড্রাইভ, ৪জিবি ডিডিআর৩ এল র‌্যাম। যা ল্যাপটপে প্রয়োজনীয় কাজ, ভিডিও ও মিউজিক চালানোর সময় অপারেটরকে দিবে উচ্চ গতির রোমাঞ্চকর অনুভূতি। আরো রয়েছে ডিভিডি মাল্টি এবং হাই ডেফিনিশন অডিও। অপরদিকে টেমারিন্ড সিরিজে যুক্ত নতুন মডেলের ল্যাপটপের দাম পড়বে ২২৯৯০ টাকা। এতে রয়েছে ৫০০জিবি হার্ডডিস্ক ড্রাইভ, ৪জিবি ডিডিআর৩ এল র‌্যাম। এতেও রয়েছে হাই ডেফিনিশন অডিও। কনফিগারেশন বিবেচনায় খাত সংশ্লিষ্টরা মনে করছেন, এই ল্যাপটপ দুটি শিক্ষা পাঠক্রমে সহায়তার পাশাপাশি শিক্ষার্থীদের প্রযুক্তি দক্ষতা উন্নয়নে যেমন অবদান রাখবে তেমনি তাদের পেশাজীবনের ভালো চাকরি গ্রহণেও অবদান রাখবে। কেননা এই ল্যাপটপ ব্যবহার করে তারা অফিস সফটওয়্যার ব্যবহারে তারা অনায়াসে দক্ষ হয়ে উঠতে পারবেন। একইসঙ্গে শিক্ষাক্রমের বাস্তব প্রয়োগের সুযোগ পাবেন কজ